# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৫৪

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৬. যখন কোনো মহিলার হায়েযের দিনগুলি ইসতিহাযার দিনগুলি সাথে মিশ্রিত হয়ে যায়

بَاب إِذَا اخْتَلَطَتْ عَلَى الْمَرْأَةِ أَيَّامُ حَيْضِهَا فِي أَيَّامِ اسْتِحَاضَتِهَا

## আরবী

وَقَالَ حَمَّادٌ لَوْ أَنَّ مُسْتَحَاضَةً جَهِلَتْ فَتَرَكَتْ الصَّلَاةَ أَشْهُرًا فَإِنَّهَا تَقْضِي تِلْكَ الصَّلَوَاتِ قِيلَ لَهُ وَكَيْفَ تَقْضِيهَا قَالَ تَقْضِيهَا فِي يَوْمٍ وَاحِدٍ إِنْ اسْتَطَاعَتْ قِيلَ لِعَبْدِ اللَّهِ تَقُولُ بِهِ قَالَ إِي وَاللَّهِ

## বাংলা

৯৫৪.[1] এবং হাম্মাদ রাহি. বলেন, যদি ইসতিহাযাগ্রস্ত মহিলা (ইসতিহাযার হুকুম) না জানার কারণে কয়েক মাস যাবত সালাত পরিত্যাগ করে, তবে সে এ সালাতসমূহের কাযা আদায় করবে। তাকে জিজ্ঞেস করা হলো, সে কিভাবে এগুলোর কাযা আদায় করবে? তিনি জবাবে বললেন, যদি সম্ভব হয় তবে, সে এগুলো একদিনের মধ্যেই আদায় করে নেবে।[2] আব্দুল্লাহকে বলা হলো: আপনিও কি তাই বলেন? তিনি বললেন, অবশ্যই, আল্লাহর কসম।

## ফুটনোট

[1] (এখানেও ৯৫৮ নং এর পরে ৯৬০ নং প্রদান করা হয়েছে, মাঝের ৯৫৯ নং বাদ পড়েছে। আমরা আগের মতোই সেটি বাদ না দিয়ে সঠিকভাবেই নম্বর প্রদান করলাম। ফলে মুহাক্কিকের প্রদত্ত হাদীস নং এর সাথে আমাদের প্রদত্ত নং এর পার্থক্য এখন গিয়ে দাঁড়ালো ৬ এ। এ হাদীসটির আমাদের নং ৯৫৪ কিন্তু মুহাক্কিকের নং ৯৬০।- অনুবাদক)

[2] তাহক্বীক: এ হাদীসের সনদ সহীহ। আর পূর্বের হাদীসের সনদই এর সনদ।

তাখরীজ: আমি এটি অন্য কোথাও পাইনি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হাম্মাদ ইবনু আবী সুলাইমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76331

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন